Annual Report

# বার্ষিক প্রতিবেদন

জুলাই'১১ হতে জুন'১২

July'11 to June'12







প্রদীপন

সাহেব বাড়ী রোড, মহেশ্বরপাশা
দৌলতপুর, খুলনা-৯২০৩, বাংলাদেশ
ফোন: ৮৮-০৪১-২৮৭০০০৮
ই-মেইল: ho@prodipan-bd.org

**Prodipan**

# সূচীপত্র

**প্রথম অধ্যায় :**

সংস্থার পটভূমি, আইনগত বৈধতা, লক্ষ্য, উদ্দেশ্য এবং মৌলিক মূল্যবোধ পৃষ্ঠা ৩

**দ্বিতীয় অধ্যায় :**

প্রদীপন-এর চলমান কার্যক্রমের তথ্য পৃষ্ঠা ৪

**তৃতীয় অধ্যায় :**

প্রদীপন-এর সদ্য সমাপ্ত (বিগত ৫ বছরের) কার্যক্রমসমূহ পৃষ্ঠা ৯

**চতুর্থ অধ্যায় :**

প্রদীপন-এর চলমান প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের ছবি পৃষ্ঠা ১১

# বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০১১ থেকে জুন ২০১২

## প্রথম অধ্যায়

[সংস্থার পটভূমি, আইনগত বৈধতা, লক্ষ্য, উদ্দেশ্য এবং মৌলিক মূল্যবোধ]

### পটভূমি

প্রদীপন বেসরকারী উন্নয়ন সংস্থাটি বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অভিশাপ খুলনা-যশোর জেলার প্রায় ৩০,০০০ হেক্টর জুড়ে অবস্থিত বিল ডাকাতিয়ার জলাবদ্ধতা সমস্যা মোকাবেলার অঙ্গীকারে বিল ডাকাতিয়া সংলগ্ন খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় রংপুর ইউনিয়নের জনগণের প্রাণের দাবির পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালে প্রদীপন-এর প্রতিষ্ঠাতা সম্পাদক জনাব ফেরদৌসউর রহমান-এর বলিষ্ঠ নেতৃত্বে কার্যক্রম শুর্ করে। প্রদীপন একটি বাংলা শব্দ যার পারিভাষিক অর্থ আলোকিতকরণ।

### আইনগত বৈধতা

১৯৮৪ সালের ১৬ মে সমাজ সেবা অধিদপ্তর হতে সংস্থাটি রেজিষ্ট্রেশন লাভ করে, যার নং ৩৩৭। দাতা/সহযোগী সংস্থার সহযোগিতায় কার্যক্রম পরিচালনার জন্য সংস্থাটি বাংলাদেশ সরকারের এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত হয় ১৯৮৯ সালের ৮ এপ্রিল, যার নং ২৯০ (সর্বশেষ নবায়নকৃত ৮ এপ্রিল ২০০৯)। এছাড়াও সংস্থাটি বাংলাদেশ সরকারের মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি কর্তৃক নিবন্ধিত; যার নং এমআরএ ০০০০১৯৫, সার্টিফিকেট নং ০০৯৮৭-০০৬৯০-০০১৯৪। সুনাম ও সফলতার সাথে ইতোমধ্যে প্রদীপন ২৫ বছরের অধিক সময় অতিক্রম করেছে।

### সংস্থার লক্ষ্য (Vision)

মানুষের উন্নত জীবনধারণের উপযোগী স্থিতিশীল সমাজ গঠন ও সমাজের পিছিয়ে পড়া মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করা।

### সংস্থার উদ্দেশ্য (Mission)

আর্থ-সামাজিক ক্ষমতায়নের লক্ষ্যে শিশু, জেন্ডার, পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের চাহিদার সাথে বিশেষভাবে সঙ্গতিপূর্ণ উপায়ে সুবিধা বঞ্চিত দরিদ্র মানুষের সংগঠন বিনির্মাণের সকল উদ্যোগে সহায়তা প্রদান করা।

### প্রদীপন-এর মৌলিক মূল্যবোধ (Values)

সকলের প্রতি শ্রদ্ধাবোধ ও সকলের কাছ হতে শিক্ষাগ্রহণের মানসিকতা নিয়ে সংস্থার কর্মীবৃন্দ একটি পারিবারিক মূল্যবোধের মাধ্যমে নিজেদেরকে বিকশিত করতে অঙ্গীকারাবদ্ধ। সংস্থার যে কোন কার্যক্রমে সম্পৃক্ত প্রত্যক্ষ/পরোক্ষ উপকারভোগী, দাতা/সহযোগী সংস্থা ও কর্মীদের মর্যাদা, সম্ভাবনা ও অবদানকে প্রদীপন সততার সাথে স্বীকার করবে। সে লক্ষ্যে-

১. ব্যক্তির কাজ করার ক্ষেত্র ও আত্ম-উন্নয়নের সুযোগ নিশ্চিত করবে;
২. ক্ষমতার বিকেন্দ্রীকরণ, কর্মীদের বিকাশের জন্য পরামর্শ-উৎসাহ-সহযোগিতা প্রদান ও সৃজনশীলতাকে উৎসাহ প্রদান করবে;
৩. নারী-পুর্ষ-শিশু-প্রতিবন্ধী নির্বিশেষে সকলের সাথে সহানুভূতিশীল ও নিরপেক্ষ আচরণ করবে;
৪. সকলক্ষেত্রে অংশগ্রহণমূলক পদ্ধতিতে মতামতের বৈচিত্র্যময়তা কামনা করে সিদ্ধান্ত নিবে;
৫. জেন্ডার উন্নয়ন ও শিশু সুরক্ষা বিষয়কে সম্পৃক্ত রেখে পরিকল্পনা গ্রহণ করবে;
৬. মত প্রকাশের স্বাধীনতাকে সমর্থন ও উৎসাহ যোগাবে;
৭. সকল ক্ষেত্রে ইতিবাচক উদ্ভাবন ও নতুনত্বকে উৎসাহিত করবে;
৮. গণতান্ত্রিক চর্চা ও নিরপেক্ষতা বজায় রাখতে যে কোন দলীয় রাজনীতির উর্দ্ধে থাকবে।

# দ্বিতীয় অধ্যায়
[প্রদীপন-এর চলমান কার্যক্রমের তথ্য]

প্রদীপন-এর চলমান কর্মসূচীর জুলাই ২০১১ থেকে জুন ২০১২ সময়ের তথ্য ভিত্তিক প্রতিবেদন সংক্ষেপে নিম্নে উপস্থাপন করা হলো।

## ০১) Ensuring Rights of the Poor Professional Workers on the Harvestable Resources of Sundarban

'সুন্দরবনের আহরণযোগ্য সম্পদের উপর নির্ভরশীল শ্রমজীবীদের অধিকার নিশ্চিতকরণ প্রকল্প'-এর ৩য় ফেইজের মেয়াদকাল হলো জুলাই'০৯ হতে মার্চ ২০১৩ পর্যন্ড় সুন্দরবনের দরিদ্র পেশাজীবীদের জীবন-মানের উন্নয়ন করাই এই প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য। প্রকল্পের কর্মএলাকাগুলো হলো দাকোপ, কয়রা, পাইকগাছা, মোড়েলগঞ্জ, রামপাল, মোংলা এবং শরণখোলা উপজেলা।

বন বিভাগ ও সংশিষ্ট বিভাগের কোন হয়রানি ছাড়াই সুন্দরবনের সম্পদের উপর প্রবেশাধিকার বৃদ্ধি করা; স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক নিরাপত্তা, ক্ষুদ্র ঋণ, পয়:নিষ্কাশন ইত্যাদি সরকারী ও বেসরকারী সেবাসমূহের প্রাপ্যতা বৃদ্ধি করা; ষ্টেকহোল্ডারদের সাথে পরামর্শের মাধ্যমে দরিদ্র-উপযোগী একটি খসড়া নীতিমালা (পলিসি পেপার) তৈরী; সুন্দরবনের সম্পদ সংগ্রহের উপর চাপ কমাতে সুন্দরবনের দরিদ্র পেশাজীবী পরিবারকে বিকল্প জীবিকায়নের ব্যবস্থা সৃষ্টি করা।

**প্রকল্পের সংক্ষিপ্ত প্রধান প্রধান অর্জন**

| বিবরণ | অর্জন | মন্ড়ব্য |
|---|---|---|
| সুন্দরবনের উপর নির্ভরশীল পেশাজীবী দল | ৩৮১টি | পুরুষ- ২২৪ টি, নারী : ১৫৭ টি |
| সুন্দরবনের উপর নির্ভরশীল পেশাজীবী দলের সদস্য সংখ্যা | ৭৬২০ জন | পুরুষ- ৪৪৮০ জন, নারী- ৩১৪০ জন |
| পেশাজীবীদের নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ প্রদান | ৪৩৪ জন | পুরুষ -২৩২ জন, নারী- ২০২ জন |
| পেশাজীবীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান | ২০০ জন | পুরুষ-৯৪ জন, নারীঃ ১০৬ জন |
| পেশাজীবীদের পাশ পারমিট পেয়েছে | ৫০৩ জন | |
| পেশাজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | ৯৬৩ জন | |
| পেশাজীবীদের সাপোর্ট গ্রুপ গঠন | ০৯ টি | |
| সুন্দরবন নীতিমালার উপর খসড়া ষ্টাডি পেপার পাবলিস্ট | ৫০০ কপি | |
| পেশাজীবীদের উপজেলা ভিত্তিক সংগঠন (নিবন্ধনকৃত) বিনির্মান | ০৭টি | |
| স্থানীয় প্রশাসন ও বন বিভাগের কর্মকর্তা কর্তৃক পেশাজীবীদের বন-সম্পদ ও সামাজিক নিরাপত্তামূলক সুবিধা প্রদান | ৩১৭২ জন | |
| বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান হতে বিভিন্ন ধরণের সেবা (স্বাস্থ্য,শিক্ষা, ঋণ, কৃষি, মৎস, পশু সম্পদ ইত্যাদি) পেয়েছেন | ৩২২০ জন | |
| সালিশের মাধ্যমে দ্বন্ধ নিরসন | ২২০ টি | |
| বোট-নেট সাপোর্ট | ২০০ সেট | ৮০০টি পরিবার |
| লবণাক্ত পানি বিশুদ্ধকরণ প্লান্ট স্থাপন | ০৩টি | ৩টি প্লান্ট থেকে দৈনিক ২৪ হাজার লিটার বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হচ্ছে। |

## ০২) Household Economic and Food Security Program of Extreme Poor-HEAFS

প্রকল্পটি ডিএফআইডি-এর সহায়তায় ও সেভ দ্যা চিলড্রেন, ইউকে-এর পার্টনারশিপে খুলনা জেলার দাকোপ, কয়রা, পাইকগাছা, তেরখাদা এবং দিঘলিয়া উপজেলার ৩৬টি ইউনিয়নের ১৭০০০টি হত-দরিদ্র পরিবারের জীবন-মান উন্নয়নের জন্য এপ্রিল ২০০৯ হতে শুরু হয়েছে যা মার্চ ২০১৫ পর্যন্ড় চলমান থাকবে। এই প্রকল্পের আওতায় ১৭০০০টি হত-দরিদ্র পরিবারের মাঝে ২৬ কোটি ৯৯ লক্ষ ৩৪ হাজার ৩৫৭ টাকার পরিবার উপযোগী বিভিন্ন সম্পদ হস্তান্তরের কাজ চলমান রয়েছে। যার মধ্যে জুন ২০১২ মাস পর্যন্ড় ৬৭৭১টি উপকারভোগী পরিবারকে উপযোগী সম্পদ হস্তান্তর করা হয়েছে।

**প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য**

| বিবরণ | বর্তমান বছরের সংখ্যা | এ পর্যন্ত মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| অতি দরিদ্র পরিবার নির্বাচন | ৩৪৬৯ | ১০৫৬৬ | |
| পরিবার প্রোফাইল সংগ্রহ | ৩১ | ৬৮৩০ | |
| পরিবার ভিত্তিক মাইক্রো প্ল্যান | ৭৬ | ৬৮৭৫ | |
| ইন্সপুট সিডিউলিং | ১৪৪ | ৬৮৫৫ | |
| দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান | ৬৮৭ | ৬০৩১ | |
| ইন্সপুট ডেলিভেরী (১ম কিস্তি) | ১৪০ | ৬১৯৪ | |
| ইন্সপুট ডেলিভেরী (২য কিস্তি) | ১৪৩১ | ৪০৬০ | |
| ইন্সপুট ডেলিভেরী (৩য কিস্তি) | ১৬৮ | ২৫৪ | |
| ইন্সপুট ডেলিভেরী (রিপ্লেসমেন্ট) | ১৭৭ | ৩৯১ | |
| ক্ষনস্থায়ী আর্থিক সহযোগিতা | ১৫ | ৫৮৭ | |
| ক্ষনস্থায়ী বিকল্প আর্থিক সহযোগিতা | ১২১ | ২৫৭ | |
| সরকারী সামাজিক নিরাপত্তা বলয় এ সম্পৃক্ত করা | ৫৬০২ | ৫৬৫৯ | |

০৩) Strengthening Non-State Actors (NSA) and Local Bodies to Reduce Child Poverty and Promotes Rights of Vulnerable Children

এনএসএ ও স্থানীয় ব্যক্তিবর্গের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দরিদ্র পরিবারভুক্ত শিশুদের দরিদ্রতা ও শিশুশ্রম স্থায়ীভাবে হ্রাস ও অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে সেভ দ্যা চিলড্রেন, ইউকে-এর সহযোগিতায় এবং ইউরোপিয়ান কমিশন-এর অর্থায়নে ঢাকা এবং খুলনা জেলায় প্রকল্পটির কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটির মেয়াদ এপ্রিল ২০১০ হতে জানুয়ারী ২০১৩ পর্যন্ত প্রকল্পটির কর্ম এলাকা নিম্নরূপ

| জেলা | উপজেলা/থানা | ইউনিয়ন/ওয়ার্ড | শিক্ষণ ও বিনোদন কেন্দ্র | কেন্দ্রের অর্ন্তভূক্ত শিশুর সংখ্যা |
|---|---|---|---|---|
| ঢাকা | লালবাগ ও চকবাজার থানা | ওয়ার্ড-৯টি ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬ ও ৬৭ | ৯টি | ৯৩৫ জন |
| খুলনা | ১) পাইকগাছা ও<br>২) কয়রা উপজেলা | ১) ইউনিয়ন- লতা, দেলুটি ও গড়াইখালী<br>২) ইউনিয়ন-উঃ বেদকাশী, দঃ বেদকাশী ও মহেশ্বরীপুর | ৬টি | ২৫১জন |
| মোট | ৪টি | ১৫টি | ১৫টি | ১১৮৬ জন |

**নিম্নে প্রকল্পের সংক্ষিপ্ত অর্জিত তথ্য**

| বিবরণ | অর্জন | মনতব্য |
|---|---|---|
| মোট শিক্ষণ ও বিনোদন কেন্দ্র | ১৫টি | |
| শিক্ষণ ও বিনোদন কেন্দ্রে শিশুর সংখ্যা | ১১৮৬ | বালক-৭৮৪ জন ও বালিকা-৪০২ জন |
| উপকারভোগী শিশুর সংখ্যা | ৩১৫৪০ | বালক-২০০৭৮ জন ও বালিকা-১১৬৬২ জন |
| প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি শিশু সংখ্যা | ৩৭৯ জন | বালক-১৭৮ জন ও বালিকা-২০১ জন |
| শিশু ফোরাম গঠন | ১৫ টি | |
| শিশু ফোরামের সদস্য সংখ্যা | ৩০৬ জন | বালক-১৭৫ জন ও বালিকা-১৩১জন |
| সেলাই প্রশিক্ষণ প্রদান | ৩০ জন | ৩০ জন বালিকা |
| অনুদান পেয়েছে | ৯০০ জন | ১২০০০০০.০০ |
| মোট এনএস এ এর সংখ্যা | ৮৩২ জন | |
| চাইল্ড প্রটেকশন কমিটি গঠন | ১২টি | |
| চাইল্ড প্রটেকশন কমিটির সদস্য সংখ্যা | ৩২৪ জন | |
| এন এস এ নেটওয়ার্ক গঠন | ০৩টি | |
| বিভিন্ন এসোসিয়েশনের সঙ্গে কোড অব কন্ডাক্ট সাইন করা হয়েছে | ০৯টি | |
| কমিউনিটি ডিকলারেশন | ০৬ টি | |
| থিয়েটার ফর ডেভেলপমেন্ট গ্রুপ ফরমেশন | ১৪টি | মোট সদস্য-২৮০ জন |
| স্বাস্থ্য সেবা প্রদান | ২৫৮৭০ জন | |

## ০৪) Technical Support for Livelihoods Recovery in Koyra

দাতা সংস্থা ব্রিটিশ রেডক্রস সোসাইটি-এর আর্থিক সহায়তায় এ প্রকল্পটি খুলনা জেলার কয়রা উপজেলার মহেশ্বরীপুর ইউনিয়নে ১ ও ২নং ওয়ার্ডে জানুয়ারী ২০১১ মাস থেকে কাজ করে আসছে। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারী ২০১১ হতে নভেম্বর ২০১১ পর্যন্ত প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী ইতোমধ্যে রেড ক্রস কর্তৃক ১০০০ পরিবারের মধ্যে সংগঠিত ৩৩টি নবজাগরণ সমিতির মধ্যে প্রায় সকল কাজ সফলতার সাথে সম্পন্ন করা হয়েছে।

**প্রকল্পের প্রধান তথ্যসমুহ**

| বিবরণ | অর্জন | মন্তব্য |
|---|---|---|
| মার্কেট সার্ভে | ১২ টি | |
| কমিউনিটি কনসাল্টেশন | ৩৩টি | |
| প্রডিউসার গ্রুপ তৈরী | ৩০ টি | |
| টেকনিক্যাল ট্রেনিং প্রদান | ৩৫০ জনকে | |
| বিজনেস প্লান তৈরী | ১০০০ পরিবার | |

## ০৫) বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশু শ্রম নিরসন (তৃতীয় পর্যায়) প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্ম-সংস্থান মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় খুলনা সিটি কর্পোরেশন এলাকার ১৩, ১৪, ১৫, ১৬ এবং ১৭নং ওয়ার্ডে ১৫টি উপানুষ্ঠানিক স্কুল জুলাই ২০১২ থেকে শুরু করা হয়েছে। স্কুলের মোট শিক্ষার্থীর সংখ্যা ৪৫০ জন।

## ০৬) ঋণ কার্যক্রম (Credit Program )

পলীøকর্ম-সহায়ক ফাউন্ডেশন-এর ঋণ সহায়তায় ১৪টি এবং প্রদীপন-এর নিজস্ব তহবিল দ্বারা ১টি শাখাসহ মোট ১৫টি শাখার মাধ্যমে ঋণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ঋণ কার্যক্রম খুলনা, বাগেরহাট, নড়াইল ও জামালপুর জেলায় ১০টি উপজেলায় ৬২জন স্টাফ দ্বারা পরিচালিত হচ্ছে।

**সংস্থার ঋণ কর্মসূচীর জুলাই'১১ থেকে জুন'১২-এর সংক্ষিপ্ত তথ্য নিম্নরূপ**

| শাখার সংখ্যা | সমিতির সংখ্যা | সমিতির সদস্য | ঋণী সদস্য | পিকেএসএফ-এর নিকট ঋণ স্থিতি (আসল) | মাঠে ঋণ স্থিতি (টাকায়) | মাঠে বকেয়া ঋণ (টাকায়) | সঞ্চয় স্থিতির পরিমান (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | ১১৫৫ | ১৬,৭৯৯ | ১৩৪৮৮ | ৪০,৯৫৯,০৭৩ | ৫৮,৬৯৫,৮২০ | ৩৫,০৫৩,৯৬১ | ২২,৩৪৭,৩১৮ |

## ০৭) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম

**ক্লিনিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট (খুলনা ও বরিশাল জেলা)**

**খুলনা জেলা :**
প্রদীপন ২০০০ সালে বিশ্বব্যাংকের সহায়তায় ও খুলনা সিটি কর্পোরেশনের সাথে সমঝোতা স্মারক চুক্তির মাধ্যমে সিটি কর্পোরেশন এলাকায় ক্লিনিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট কার্যক্রম শুরু করে। প্রকল্পটি দাতা সংস্থার সহায়তায় ২০০৪ সালের জুলাই মাস পর্যন্ত চলমান রাখা হয়। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ২০০৪ সালের আগষ্ট মাসে থেকে প্রদীপন স্ব-উদ্যোগে কার্যক্রমটি পরিচালনা করে আসছে। সরকারী/বে-সরকারী হাসপাতাল, ক্লিনিক ও প্যাথলজিক্যাল সেন্টার থেকে প্রাপ্ত সার্ভিস চার্জ ও প্রদীপন-এর কন্ট্রিবিউশন দিয়ে প্রকল্পটি চলছে। বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ১০৬টি সরকারী/বে-সরকারী হাসপাতাল, ক্লিনিক ও প্যাথলজিক্যাল সেন্টার নিয়ে বর্তমানে প্রদীপন-এর ক্লিনিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট কার্যক্রমটি চলছে।

**ডিসপোজিং সিস্টেম**

১. সিরিঞ্জের সূঁচগুলি ক্লিনিক প্যাথলজি থেকে এনে আন্ডার গ্রাউন্ড কংক্রিট ট্যাঙ্কে জমা করা ;
২. সিরিঞ্জগুলি ক্লোরিন ওয়াশের পরে ক্রাসিং মেশিনে ভাঙ্গা, স্যালাইন ও বাড ব্যাগগুলি টুকরো করে কাটা যেন পরবর্তিতে ব্যবহারের কোন সুযোগ না থাকে;
৩. গজ, ব্যান্ডেজ ও অন্যান্য কাগজ জাতীয় দ্রব্যগুলিকে শ্রেডিং প্লান্টে শুকিয়ে বার্নিং পিটের মাধ্যমে পোড়ানো এবং পোড়ানো ছাই মাটির নিচে চাপা দেয়া;
৪. খাবার সংশিষ্ট আবর্জনা সিটি কর্পোরেশনের আবর্জনার সাথে ফেলা;

**বরিশাল জেলা:**

পরিবেশ অধিদপ্তর (BEMP)-এর সহায়তায় জুলাই ২০০২ থেকে জুন ২০০৪ পর্যন্ত বরিশাল শহরে ক্লিনিক্যাল ওয়েষ্ট ম্যানেজমেন্ট প্রজেক্টটি চলমান রাখা হয়। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পরে জুলাই ২০০৪ হতে প্রদীপন স্ব-উদ্যোগে প্রকল্পটি চলমান রেখেছে। বর্তমানে ৪৭টি ক্লিনিক ও হেলথ কেয়ার সেন্টার থেকে বর্জ্য অপসারণের মাধ্যমে প্রাপ্ত সার্ভিস চার্জ দিয়ে আয়-ব্যয়ের সমন্বয় সম্ভব হচ্ছে। বর্তমানে এ প্রকল্পের মাসিক আয় গড়ে ৪২,২০০ টাকা এবং ব্যয় ৪১,৭২৩টাকা। সিটি কর্পোরেশন এই কার্যক্রম পরিচালনার জন্য একটি জ্বালানীসহ পরিবহন-এর ব্যবস্থা করেছে।

## ০৮) Child Feeding Program

দাতা সংস্থা ডিয়াকোনি-এর আর্থিক সহায়তায় এপ্রিল ২০০৯ থেকে টঙ্গী রেল স্টেশন সংলগ্ন এলাকায় ৪০টি (৩২জন ছেলে ও ০৮ জন মেয়ে) পথশিশুকে প্রতিদিন রাতে খাবার প্রদানের পরীক্ষামূলক প্রকল্পটি সফলতার সাথে গত সেপ্টেম্বর ২০১১ শেষ হয়েছে।

## ০৯) Strengthening Movement to Advance Women's Rights and Gender Equality

এসটিডি-এর নেতৃত্বে সুইফট নেটওয়ার্কের মাধ্যমে প্রদীপন ডুমুরিয়া উপজেলার খর্নিয়া ও রঘুনাথপুর ইউনিয়নে এবং ৪টি মাধ্যমিক বিদ্যালয়ে ও নির্ধারিত সেবাদানকারী প্রতিষ্ঠান (যেমন কাজী অফিস, ইউনিয়ন পরিষদ) "নারীর অধিকার ও নারী-পুরুষের সমতা ও মানব অধিকার সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আন্দোলন শক্তিশালীকরণ" প্রকল্পটি বাস্তবায়ন করে আসছে।

প্রকল্পাধীন আউটকামসমুহ হচ্ছে বাল্যবিবাহ হ্রাস, নারী নির্যাতন/পারিবারিক নির্যাতন হ্রাস, প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল,স্থানীয় সরকার) যৌন নির্যাতন হ্রাস ও রাজনৈতিক ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ পর্যায়ে নারীর অংশগ্রহণ বৃদ্ধি।

**নিম্নে প্রধান কাজসমূহ উল্লেখ করা হলো**

| কাজের বিবরণ | অর্জন | মন্তব্য |
|---|---|---|
| NNPC, ইউনিয়ন পরিষদ, গ্রাম পুলিশ ও নারী উদ্যোক্তাদের সাথে কৌশলগত পরিকল্পনা সভা | ০২টি | |
| NNPC, ইউনিয়ন পরিষদ, গ্রাম পুলিশদের সাথে ষান্মাসিক শিক্ষনীয় বিষয়ক মত বিনিময় সভা | ০২টি | |
| বিবাহ নিবন্ধনকারী, স্থানীয় সরকার, গণ্যমান্য ব্যক্তি ও শিক্ষকদের সাথে মতবিনিময় সভা | ০২টি | |
| স্থানীয় সরকারসহ বিভিন্ন প্রতিষ্ঠান এবং সুনির্দিষ্ট কমিটির সাথে সংলাপ | ০২টি | |
| বাল্য বিবাহ বিষয়ক তথ্য নিয়মিত পরিবিক্ষণ ও প্রাপ্ত তথ্য লিপিবদ্ধকরণ | ০২টি | |
| জাতীয় পর্যায়ে রাজনৈতিক দলগুলির কমিটির তালিকা সংগ্রহ | ০২টি | |
| যৌন হয়রানী প্রতিরোধে পাঠ্যসূচী বহির্ভূত কর্মসূচী অন্তর্ভূক্তকরণ ও বাস্তবায়নে শিক্ষক, এসএমসি, অভিভাবক ও এসভিএসদের সাথে ষান্মাষিক শিক্ষণীয় বিষয়ক মতবিনিময় সভা | ০৪টি | |
| কিশোর-কিশোরী এবং অভিভাবকদের সাথে সংলাপ | ০৪টি | |
| ঝরে পড়া শিক্ষার্থী এবং এসভিএসদের ষান্মাসিক মতবিনিময় সভা | ০৪টি | |
| এক্সট্রা কারিকুলাম বাস্তবায়নে শিক্ষক, এসএমসির সাথে মতবিনিময় সভা | ০৮টি | |
| জেন্ডার রেসপনসিভ এডুকেশন টিমের সাথে বাল্য বিবাহ, ড্রপ আউট ও যৌন নিপীড়ন প্রতিরোধে আলোচনা সভা | ০২টি | |
| পোস্টারিং | ০২টি | |
| ভিডিও স্ক্রীনিং ও আলোচনা সভা | ০২টি | |
| সাংস্কৃতিক অনুষ্ঠান/নাটক প্রদর্শনী | ০২টি | |
| পারিবারিক নির্যাতন, যৌন হয়রানী ও বাল্য বিবাহ প্রতিরোধে এনএনপিসি-এর সাথে মত বিনিময় সভা | ০২টি | |
| জিআরইটি-এর সাথে মত বিনিময় সভা | ০২টি | |
| প্রশিক্ষণ | ০১টি | |
| জিআরইটি-এর সাথে দ্বিমাসিক সভা | ০২টি | |

| কাজের বিবরণ | অর্জন | মন্তব্য |
|---|---|---|
| যৌন হয়রানী প্রতিরোধে সহশিক্ষা কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে মত বিনিময় সভা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | ০৪টি | |
| যৌন হয়রানী বন্ধে ক্রাভ্যান সো | ০১টি | |
| যৌন হয়রানী বন্ধ উপলক্ষ্যে সমাবেশ, র‌্যালী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | ০১টি | |
| আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে নারী উন্নয়ন নীতিমালা বাস্তবায়ন সম্পর্কে র‌্যালী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | ০২টি | |
| জিসিএ-দের সাথে দ্বিমাসিক সভা | ০২টি | |
| সমঝোতা স্মারকের শর্তাবলী এবং নারীর মানবাধিকার প্রতিষ্ঠায় বাল্য বিবাহ প্রতিরোধে মাইকিং | ০২টি | |
| এনএনপিসি-এর সাথে দ্বিমাসিক সভা | ০২টি | |
| স্থানীয় সরকারের বাজেট ও পরিকল্পনায় জেন্ডার ইস্যু সমূহ সম্পৃক্তকরণ ও বাস্তবায়ন শীর্ষক মতবিনিময় সভা | ০৪টি | |
| বাল্য বিবাহ প্রতিরোধে সমঝোতা স্মারকের গুরত্ব ও বাস্তবায়ন শীর্ষক ম্যারেজ রেজিষ্ট্রার ও পুরহিতদের সাথে মতবিনিময় সভা | ০২টি | |
| এসকেএফ-দের সাথে দ্বি মাসিক সভা | ০২টি | |
| এসকেএফ-দের সাথে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিমূলক সভা | ০২টি | |
| কমিউনিটি ফ্যাসিলিটেটরদের সাথে দ্বিমাসিক সভা | ০২টি | |
| জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জিসিএ-দের সাথে মত বিনিময় সভা | ০২টি | |

## ১০) Water supply through Desalination of Surface Water Treatment

প্রদীপন খুলনা ও বাগেরহাট জেলার উপকূলীয় অঞ্চলে নদীর লবণাক্ত পানিকে রিভার্স অসমোসিস প্রক্রিয়ায় সুপেয় পানিতে পরিণত করে সরবরাহ করার জন্য ইতোমধ্যে বিভিন্ন দাতা সংস্থার সহায়তায় এ পর্যন্ত ০৭টি প্লান্ট স্থাপন করেছে। প্রতিটি প্লান্ট থেকে প্রতিদিন ৮ হাজার লিটার বিশুদ্ধ খাবার পানি উৎপন্ন করা সম্ভব। LGED>UNDP>DFID-এর আর্থিক সহায়তায় খুলনা সিটি কর্পোরেশন এলাকায় অনুরূপ আরো একটি প্লান্ট স্থাপিত হয়েছে যা বিদ্যুৎ সংযোগ পেলে চালু করা সম্ভব হবে।

# তৃতীয় অধ্যায়

[প্রদীপন-এর সদ্য সমাপ্ত (বিগত ৫ বছরের) কার্যক্রমসমূহ]

| Sl No | Name of Projects/Program | Major Program Focus | Geographic Coverage (Name of District & Upazila) | | Donor Name |
|---|---|---|---|---|---|
| | | | Upazila | District | |
| 01 | Advancing Sustainable Environmental Health | Access to safe water for urban slum population | Shyampur, Narayanganj Sadar | Dhaka & Narayanganj | DFID-Wateraid |
| 02 | Poverty and Working Children | Protection of rights for working children | Lalbag, Khulna Sadar, Koyra | Dhaka, Khulna | Save the Children UK |
| 03 | Strengthening Community Based Mechanism for Child Protection | Community Mechanism for Child Rights protection | Lalbag | Dhaka | Save the Children UK |
| 04 | Feeding Street Children Project | Nutrition intake for working street children | Tongi | Gazipur | Diakonie |
| 05 | Combating Forced Child Labor in the Fishing Sector in Dubla Island on the Bay of Bengal | Removal of Children from Forced labour of Dublar Char | Mongla, Sharonkhola, Rampal, Paikgacha | Khulna & Bagerhat | Danida |
| 06 | Improved food and livelihood security in Bagerhat District, Bangladesh in the context of increased disaster risk and climate change | - Livelihood security<br>- Alternative income generating in the context of climate change | Mongla, Rampal & Sharonkhola | Bagerhat | Cafod-UK >EC |
| 07 | Basic Education for Hard to Reach Urban Working Children Project (2`nd Phase) | - Education and life skill to urban working children | Dhaka City Corporation<br>Barisal City Corporation | Dhaka<br>Barisal | UNICEP> BNFE, GoB |
| 08 | Creating Climate Resilient Communities: The Bangladesh Lighthouse Project | - Building community capacity in disaster/vulnerability/ climate change context<br>- Technology adaptation (hardware) and promotion for cc context<br>- Campaign & advocacy | Morelgonj & Sharonkhola<br>Patharghata<br>Dewangonj | Bagerhat<br>Barguna<br>Jamalpur | Diakonie Katastrophenhilfe |
| 09 | Campaign on Climate Change, Bangladesh | Lobbying, Advocacy and Adaptive Technology transfer in the area of climate change | All Working area | All working upazila | BftW- Germany |
| 10 | Alternative Livelihood Program in the Context of Climate Change | Ensure livelihood of the hardcore in the context of climate change | Sharonkhola, Mongla<br>Dacope, Koyra & Paikgacha | Bagerhat<br>Khulna | BftW-Germany & CAFOD-UK |

| Sl No | Name of Projects/Program | Major Program Focus | Geographic Coverage (Name of District & Upazila | | Donor Name |
|---|---|---|---|---|---|
| | | | Upazila | District | |
| 11 | Technical Support in Livelihood Recovery at Koyra, Khulna | - Livelihood Development | Koyra | Khulna | British Red Cross |
| 12 | Relief and Rehabilitation Programs for Sidr 2007 | - Relief<br>- Rehabilitation | Sharonkhola, Morelganj, Rampal, Mongla, Koyra, Dacope, Paikgacha, Jhalokathi, Ujirpur, Barisal Sadar, Bakherganj, Babuganj | Khulna<br>Barisal<br>Bagerhat | CARE, UNDP, WFP, Diakonie, Cafod, ECHO-Save the Children UK |
| 13 | Relief and Rehabilitation Programs for Aila 2009 | - Relief<br>- Rehabilitation | Koyra, Dacope, Paikgacha | Khulna | IOM, Unicef-Save the Children, Cafod, Diakonie, |
| 14 | Legal Aid and Policy Advocacy Program | - Legal Aid<br>- Legal Awareness<br>- Policy advocacy on land issues<br>- Legal Practitioner Training etc. | Terokhada, Dumuria & Koyra | Khulna | Swallows-Denmark |
| | | | Kachua, Chitalmari & Mollahat | Bagerhat | |
| | | | Babuganj, Bakerganj & Barisal Sadar | Barisal | |
| | | | Monirampur & Abhaynagar | Jessore | |
| | | | Kalia | Narail | |
| | | | Kaliganj | Jhinaidah | |
| | | | Tongi | Gazipur | |
| | | | Demra & Sutrapur | Dhaka | |
| | | | Pagla & Sadar | Narayanganj | |

# চতুর্থ অধ্যায়

## [প্রদীপন-এর চলমান প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের ছবি]

### ০১) Ensuring Rights of the Poor Professional Workers on the Harvestable Resources of Sundarban



উপকারভোগীদের মাঝে বিতরণ করার জন্য ক্রয়কৃত নৌকা



উপকারভোগীদের মাঝে বিতরণ করার জন্য ক্রয়কৃত কাঁকড়া ধরার চারো



উপকারভোগীদের মাঝে জাল, নৌকা এবং কাঁকড়া ধরার চারো বিতরণ



উপকারভোগীদের মাঝে জাল, নৌকা এবং কাঁকড়া ধরার চারো বিতরণ



উপকারভোগীদের মাঝে জাল, নৌকা এবং কাঁকড়া ধরার চারো বিতরণ



উপকারভোগীদের মাঝে জাল, নৌকা এবং কাঁকড়া ধরার চারো বিতরণ



উপকারেভাগীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ




উপকারেভাগীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

## ০২) Household Economic and Food Security Program of Extreme Poor-HEAFS




উপকারভোগীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ




উপজেলা টেকনিক্যাল কমিটির সভা




বিকল্প কর্মসংস্থান (সব্জি চাষ)




উপকারভোগীদের মাঝে গবাদি পশু বিতরণ




বিকল্প কর্মসংস্থান (দর্জি কাজ)



বিকল্প কর্মসংস্থান (বাঁশের কাজ)




দুর্যোগ বিষয়ে সচেতনতা প্রশিক্ষণ



ক্ষুদ্র ব্যবসা

## ০৩) Strengthening Non-State Actors (NSA) and Local Bodies to Reduce Child Poverty and Promotes Rights of Vulnerable Children


British All Party Parliament Members


Meeting with NGO networks


Fruits festival at LRC



Free Eye Camp for Working Children


Fruits Festival


6th International Theator Festival


Rally against Eve teasing



Meeting with Selected NSAs

## ০৪) Technical Support for Livelihoods Recovery in Koyra



উপকারভোগীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ



প্রশিক্ষণ উপকরণ



উপকারভোগীদের ব্যবহারিক দক্ষতা উন্নয়ন বপ্রশিক্ষণ



উপকারভোগীদের ব্যবহারিক দক্ষতা উন্নয়ন বপ্রশিক্ষণ



উপকারভোগীদের বিকল্প জীবিকায়ন (সব্জি চাষ)



উপকারভোগীদের বিকল্প জীবিকায়ন (সব্জি চাষ)



উপকারভোগীদের বিকল্প জীবিকায়ন (ভেড়া পালন)



উপকারভোগীদের বিকল্প জীবিকায়ন (ছাগল পালন)

## ০৫) বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশু শ্রম নিরসন (তৃতীয় পর্যায়) প্রকল্প



সহযোগী সংস্থাদের সাথে সমন্বয় সভা



শিক্ষক/শিক্ষীকাদের ওরিয়েন্টেশন



শিক্ষার্থীদের দেয়ার জন্য শিক্ষকদের নিকট বই হস্তান্তর



শিক্ষার্থীদের দেয়ার জন্য শিক্ষকদের নিকট বই হস্তান্তর



উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র উদ্বোধন



উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র উদ্বোধন



উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র পরিদর্শন



উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র পরিদর্শন

## ০৬) মাইক্রো ক্রেডিট (Credit Program )



আয় বৃদ্ধিমূলক কার্যক্রম (IGA)



আয় বৃদ্ধিমূলক কার্যক্রম (IGA)



আয় বৃদ্ধিমূলক কার্যক্রম (IGA)



আয় বৃদ্ধিমূলক কার্যক্রম (IGA)



আয় বৃদ্ধিমূলক কার্যক্রম (IGA)



আয় বৃদ্ধিমূলক কার্যক্রম (IGA)



আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ



আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

## ০৭) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম (ক্লিনিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রোগ্রাম)



বর্জ্যের প্রকারভেদ



আভ্যন্তরীণ ব্যবস্থাপনা (বর্জ্য পৃথকীকরণ)


বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ওরিয়েন্টেশন


বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ওরিয়েন্টেশন


নিয়মিত বর্জ্য সংগ্রহ



স্বাস্থ্য সম্মতভাবে বর্জ্য পরিবহন ব্যবস্থা


গজ, ব্যান্ডেজ শুকানোর পূর্বে জীবানুমুক্ত করা (ক্লোরিন ওয়াস)


ক্লোরিন ওয়াসের পর প্লাষ্টিকজাতীয় দ্রব্য কেটে ব্যবহার অনুপযোগী করা


## ০৮) Strengthening Movement to Advance Women's Rights and Gender Equality



শিক্ষার্থী স্বেচ্ছাসেবকদের সাথে দ্বিমাসিক সভা



এনএনপিসি টিমের সাথে মতবিনিময় সভা



শিক্ষার্থী স্বেচ্ছাসেবকদের সাথে দ্বিমাসিক




স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সাথে মত বিনিময় সভা




যৌন হয়রানী বন্ধ উপলক্ষ্যে সমাবেশ



সুপিয়া কামাল ফেলোদের দ্বিমাসিক সভা



এসভিএসদের সাথে দ্বিমাসিক সভা



এসভিএসদের সাথে দ্বিমাসিক সভা

## ০৯) Water supply through Desalination of Surface Water Treatment



রিভার্স অসমোসিস মেশিন


রিভার্স অসমোসিস মেশিন


রিভার্স অসমোসিস মেশিনের উদ্বোধন


রিভার্স অসমোসিস মেশিনের উদ্বোধন


রিভার্স অসমোসিস মেশিনের উদ্বোধনী অনুষ্ঠান


রিভার্স অসমোসিস মেশিনের উদ্বোধনী অনুষ্ঠান


রিভার্স অসমোসিস প্রক্রিয়ায় প্রস্তুত বিশুদ্ধ খাবার পানি সরবরাহ


রিভার্স অসমোসিস প্রক্রিয়ায় প্রস্তুত বিশুদ্ধ খাবার পানি সরবরাহ